



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

নং- ঢাশিবো/বি/৭৪৯/নতুন/টাথ/

তারিখ: ২২/১১/১৯

বিষয় : বিদ্যালয় স্থাপনের অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের ০৯/১০/২০১৯ তারিখের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.৩৩.০১৫.১৫-৩০৫।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে বিদ্যালয়টি মৌলিক শর্তাবলি পূরণ করায় প্রচলিত সাধারণ শর্তে ০১/০১/২০১৯ তারিখ হতে নিম্ন মাধ্যমিক বিদ্যালয় হিসেবে স্থাপনের অনুমতি প্রদান করা হলো।

শর্তসমূহ

- ১। প্রাথমিক অনুমতিকে কোনক্রমেই বিদ্যালয়ের পাঠদানের প্রাথমিক অনুমতি হিসাবে গণ্য করা যাবে না।
- ২। পরিবেশিত যে কোন তথ্য ভুল বা মিথ্যা প্রমাণিত হলে স্থাপনের অনুমতি প্রত্যাহার করা হবে।
- ৩। বিদ্যালয়ের ছাত্র-ছাত্রী সংখ্যা বাড়াতে হবে, শ্রেণির শিক্ষা সরঞ্জাম ও বসার ব্যবস্থা আরো উন্নতমানের করতে হবে।
- ৪। বিদ্যালয়ের শিক্ষারমান উন্নীত করার জন্য শিক্ষকগণকে পাঠভিত্তিক পাঠপত্রিকল্পনা গ্রহণ করে শ্রেণিকক্ষে পাঠদান করতে হবে।
- ৫। বিদ্যালয়ের লেখাপড়ার পাশাপাশি সহ-পাঠক্রমিক কার্যক্রম (বার্ষিক ক্রীড়া অনুষ্ঠান, সাহিত্য ও সাংস্কৃতিক বিষয়ক অনুষ্ঠান, গাইডিং ইত্যাদি) পরিচালনা করতে হবে।
- ৬। বিদ্যালয়ের চারিদিকে মূল্যবান আরো অধিক বৃক্ষের চারা রোপন করে সংরক্ষণের ব্যবস্থা করতে হবে।
- ৭। সরকারি নীতিমালা অনুযায়ী (নিবন্ধনকৃত) শিক্ষক নিয়োগ করতে হবে এবং প্যাটার্ণ বহির্ভূত কোন শিক্ষক নিয়োগ করা যাবে না।
- ৮। আগামী ৬ (ছয়) মাসের মধ্যে বোর্ডের পরামর্শক্রমে নিজস্ব ওয়েবসাইট ও কনটেন্ট ডেভেলপ করে বোর্ডকে অবহিত করতে হবে।
- ৯। আগামী ১ (এক) বছরের মধ্যে কাম্যপরিমাণ জমি বিদ্যালয়ের নামে রেজিস্ট্রি করে দলিলের কপি বোর্ডে জমা দিতে হবে।
- ১০। নিয়োগকৃত শিক্ষক-কর্মচারী তথা জনবলের বেতন-ভাতাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাঃ

মোহাম্মদ আবুল মনছুর ভূঞা

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা।

প্রাপক : প্রধান শিক্ষক

নূরজাহান-খসরু আদর্শ বিদ্যালয়

পোঃ- কালিহাতি, উপজেলা- কালিহাতি

জেলা- টাঙ্গাইল।

মেমো নং- ২৭২৭ (৩০)

তারিখ: ২২/১১/১৯

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। মহাপরিচালক, বেনবেইস, নীলক্ষেত, ঢাকা।
- ৩। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক, টাঙ্গাইল।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, কালিহাতি, টাঙ্গাইল।
- ৬। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।
- ৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৮। জেলা শিক্ষা অফিসার, টাঙ্গাইল।
- ৯। সভাপতি, পরিচালনা কমিটি, নূরজাহান-খসরু আদর্শ বিদ্যালয়।
- ১০। অফিস কপি।

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা।

২০১৯
২২/১১/১৯